

অর্থ আইন, ২০০২

২০০২ সনের ১৪ নং আইন

[৩০ জুন, ২০০২]

সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত আইন।

যেহেতু সরকারের আর্থিক প্রস্তাবাবলী কার্যকরকরণ এবং নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন

১। (১) এই আইন অর্থ আইন, ২০০২ নামে অভিহিত হইবে।

(২) The Provisional Collection of Taxes Act, 1931 (XVI of 1931) এর অধীনে জারীকৃত ঘোষণা এই আইন ২০০২ সনের ১লা জুলাই তারিখে কার্যকর হইবে।

দ্বিতীয় অধ্যায়

Court-Fees Act, 1870 (Act VII of 1870) এর সংশোধন

Act VII of 1870 এর section 7 এর সংশোধন

২। Court-Fees Act, 1870 (Act VII of 1870), অতঃপর Court-Fees Act বলিয়া উল্লিখিত, এর section 7 এর-

(ক) clause (iv) এর proviso তে "one hundred taka" শব্দগুলির পরিবর্তে "five hundred taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) clause (vi) এর proviso তে "one hundred taka" শব্দগুলির পরিবর্তে "five hundred taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

Act VII of 1870 এর SCHEDULE I এর সংশোধন

৩। Court-Fees Act এর SCHEDULE I এ "Ad valorem Fees" শিরোনামাধীন Number 1 এর বিপরীতে "Proper fees (taka)" কলামে proviso এর পরিবর্তে নিম্নরূপ proviso প্রতিস্থাপিত হইবে, যথা:-

"Provided that the maximum fee leviable on a plaint or memoradum of appeal shall be forty thousand Taka."